

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/29/2019

গভর্নর অ্যান্ড এম. কুওমো

বিশ্বাস ভিত্তিক কমিউনিটি ডেভেলপমেন্ট সার্ভিসেসের অফিস (OFFICE OF FAITH-BASED COMMUNITY DEVELOPMENT SERVICES) রাজ্যের প্রথম ইফতার নৈশভোজের আয়োজন করার কথা ঘোষণা করেছেন

গভর্নর অ্যান্ড এম. কুওমো আজ রাজ্যের প্রথম ইফতার নৈশভোজ আয়োজন করার কথা ঘোষণা করেছেন বিশ্বাস ভিত্তিক কমিউনিটি ডেভেলপমেন্ট সার্ভিসেসের অফিস দ্বারা, মুসলিমদের রমজান মাস উদযাপন করার জন্য। ইফতার হল সেই সান্ধ্যকালীন খাবার যার সাথে মুসলমানরা প্রতিদিনের রমজানের উপবাস শেষ করেন, পরের সপ্তাহে ঈদ উল-ফিতরের (Eid al-Fitr) ছুটির দিন রমজানের সমাপ্তি চিহ্নিত করে। এটি প্রথম ইফতার নৈশভোজ যা নিউ ইয়র্ক স্টেটের কোনও গভর্নরীয় প্রশাসনের দ্বারা হোস্ট করা হয়।

"পবিত্র রমজান মাস হল সেই সময় যখন শান্তি, নম্রতা, দান ও বিশ্বাসের মুসলিম মূল্যবোধকে আলিঙ্গন করতে হয় এবং রাজ্যের প্রথম ইফতার নৈশভোজ সকল নিউ ইয়র্কবাসীদের একত্রিত হওয়ার এবং দেশকে দেখানোর জন্য যে আমরা এই ক্রমবর্ধমান ঘণার সময় ঐক্যবদ্ধ রয়েছি", **গভর্নর কুওমো বলেন।** "যখন আমাদের জাতির মধ্যে অসহিষ্ণুতা ও ঘৃণা ছড়িয়ে দেওয়া হচ্ছে, এটি আরো বেশি গুরুত্বপূর্ণ একতা এবং সহিষ্ণুতার মূল্যবোধ মনে রাখা এবং ইসলাম-ঘৃণা, বর্ণবাদ ও বৈষম্যকে সমস্ত রূপে প্রত্যাখ্যান করা। এই বিষয়ে কোন আপস নেই এবং কোনও মাঝারি অবস্থানও নেই - আমাদের রাজ্যে ঘণার কোন আখান নেই।"

"আজ রাতের ইফতারের নৈশভোজ আমাদের রাজ্যের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ মুহূর্ত - আমাদের মুসলিম পরিবারের সাথে যোগদান করার এবং রমজানের পবিত্র মাসকে সম্মান করার জন্য", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল এ কথা বলেন, যিনি এই অনুষ্ঠানে কথা বলছিলেন।** "নিউ ইয়র্কে, আমরা আমাদের বৈচিত্র্য এবং ভাগ করা মূল্যবোধগুলি আলিঙ্গন করি, এবং আমাদের শক্তিতে অন্তর্ভুক্ত করি। এখন আমাদের আগের চেয়ে আরো বেশি ঘৃণা ও আমাদের বিভাজন করার প্রচেষ্টাকে প্রত্যাখ্যান করা উচিত হবে এবং সকল নিউ ইয়র্কবাসীদের অধিকার এবং সুরক্ষাগুলিকে সমর্থন করার জন্য একত্রিত হতে হবে।"

করিম কামারা, এক্সিকিউটিভ ডিরেক্টর অ্যান্ড ডেপুটি কমিশনার, গভর্নরস অফ ফেইথ-বেসড কমিউনিটি ডেভেলপমেন্ট সার্ভিসেস, "আজ রাত নিউ ইয়র্ক স্টেটের জন্য একটি গুরুত্বপূর্ণ ঘটনা, যখন আমরা আমাদের রাজ্যের কোন প্রশাসনের দ্বারা আয়োজিত প্রথম ইফতার নৈশভোজ উদযাপন করছি। যখন আমরা প্রার্থনা এবং উপবাস ভঙ্গ করার জন্য একত্রিত হই, আসুন আমরা আমাদের মূল্যবোধ এবং ঐতিহ্যগুলি সম্পর্কে ভাবি এবং এই সময়, যখন ঘৃণা আমাদের জাতিকে

ধ্বংস করছে, তখন সহনশীলতা এবং গ্রহণযোগ্যতা প্রচারের সুযোগ হিসাবে এই উদযাপনটি ব্যবহার করি। আমি গর্বিত যে বিশ্বাস ভিত্তিক কমিউনিটি ডেভেলপমেন্ট সার্ভিসের অফিস এই নৈশভোজ হোস্ট করছে, এবং আমি আশা করি এটি নিউ ইয়র্কের সকলকে ইসলামের ঐতিহ্য সম্পর্কে আরও জানতে উত্সাহিত করবে।"

বর্তমানে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রায় 3.45 মিলিয়ন মুসলমান বসবাস করছেন, এবং আমেরিকার 22.3 শতাংশ মুসলমান নিউ ইয়র্ক সিটিতে বসবাস করেন। মুসলমান সম্প্রদায় দ্রুত বৃদ্ধি পাচ্ছে এবং 2040 সালের মধ্যে ইসলাম আমেরিকার দ্বিতীয় সর্বাধিক অনুশীলিত ধর্ম হয়ে উঠবে। নিউ ইয়র্ক অন্য যে কোন রাজ্যের তুলনায় সব চেয়ে বেশি মসজিদ রয়েছে, যা বেশির ভাগ নিউ ইয়র্ক সিটিতে অবস্থিত।

তার পদে থাকার সম্পূর্ণ সময় জুড়ে গভর্নর কুওমো সমান অধিকার সমর্থন করার ক্ষেত্রে একজন জাতীয় নেতা থেকেছেন এবং পক্ষপাত ও বৈষম্য মোকাবিলায় বহু চলমান উদ্যোগ বাস্তবায়ন করেছেন। 2016 সালে গভর্নর রাজ্য পুলিশের (State Police) মধ্যে 120 টি পক্ষপাত সংক্রান্ত অপরাধের প্রশিক্ষিত তদন্তকারীকে নিয়ে নিউ ইয়র্কের প্রথম ঘৃণা সম্পর্কিত টাস্ক ফোর্স (Hate Crimes Task Force) তৈরি করেছিলেন সম্ভাব্য ঘৃণা সংক্রান্ত অপরাধের তদন্তের জন্য অন্যান্য আইন বলবতকারী সংস্থাগুলিকে তদন্ত ও সহায়তা করার জন্য। 2017 সালে, গভর্নর কুওমো সমস্ত ধর্ম ও সংস্কৃতির অধিকতর বোঝার ও সহনশীলতা অর্জনে, উন্মুক্ত মানসিকতা এবং অন্তর্নিহিততা বৃদ্ধি করার জন্য এবং নিউ ইয়র্কের সকলের সুরক্ষাকে আরো বলিষ্ঠ করার জন্য রাজ্যের প্রচেষ্টাকে জোরদার করতে সহায়তা করার জন্য একটি নতুন ইন্টারফেইথ আডভাইজরি কাউন্সিল (Interfaith Advisory Council) গঠন করার ঘোষণা করেন। কাউন্সিলের মধ্যে রয়েছেন স্টেট জুড়ে ইসলাম সম্প্রদায়ের নেতারা, যার মধ্যে ইসলামিক সেন্টার অফ দ্য ক্যাপিটাল ডিস্ট্রিক্টের (Islamic Center of the Capital District) ইমাম আবদুল-রহমান ইয়াকি, যিনি আজ রাতের ইফতার নৈশভোজের পৌরোহিত্য করবেন।

নিউইয়র্ক স্টেটে 2016 সালে ঘৃণা সংক্রান্ত অপরাধের সংখ্যা 19 শতাংশ বৃদ্ধি পেয়েছিল, কিন্তু 2017 সালে 7 শতাংশ হ্রাস পেয়েছিল এবং 2018 সালে 6 শতাংশ হ্রাস পেয়েছিল গভর্নরের পক্ষপাত এবং বৈষম্যের বিরুদ্ধে অবিরত লড়াই চালিয়ে যাওয়ার ফলে। নিউ ইয়র্কে ইসলাম-ঘৃণার ঘটনা 2016 সালে 41 থেকে, 2017 সালে 26 এবং 2018 সালে 18 টি, যা 55 শতাংশেরও বেশি হ্রাসপ্রাপ্তি। শুধু এই বছরেই, স্টেটে ইসলাম-ঘৃণার বেশ কয়েকটি ঘটনা ঘটেছে, যার মধ্যে রয়েছে 23 এ জানুয়ারি গ্রীস, নিউ ইয়র্কের আইন প্রয়োগকারীরা নিউ ইয়র্ক ডেলোয়ার কাউন্টিতে মুসলিম সম্প্রদায়ের বিরুদ্ধে সম্ভাব্য সন্ত্রাসী হামলা প্রতিরোধ করে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবক্লাইব করুন](#)